

## শিক্ষার মানোন্নয়নে ব্যাপক সংস্কারমূলক কর্মসূচী

ইনকিলাব রিপোর্ট ॥ শিক্ষার মানোন্নয়নের লক্ষ্যে শিক্ষা মন্ত্রণালয় বেশকিছু সংস্কারমূলক কর্মসূচী হাতে নিয়েছে। ইতিমধ্যেই নয়া শিক্ষানীতি প্রণয়নের উদ্দেশ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাবেক ডিসি প্রফেসর ড. মনিরুজ্জামান ঠিকাকরে চেয়ারম্যান করে গঠিত শিক্ষা কমিশন কাজ শুরু করেছে।

শিক্ষা মন্ত্রণালয়ের এক প্রতিবেদনে জানা গেছে, সরকারী কলেজের বিভিন্ন পর্যায়ের শিক্ষকদের বদলির বিঘার অধিকতর হ্রাস আনার লক্ষ্যে বর্তমান সরকার মন্ত্রণালয় ও অধিদফতরকেন্দ্রিক বদলির পরিবর্তে শিক্ষা

৭-৫২ পৃঃ ২-এর ৯ঃ দেখুন

## শিক্ষার মানোন্নয়ন

৮-এর পৃষ্ঠার পর

বোর্ডের নেতৃত্বে অঞ্চলভিত্তিক বদলি কার্যক্রমের জন্ম-আঞ্চলিক শিক্ষা কর্তৃপক্ষ গঠন করেছে।

এছাড়াও দেশের শীর্ষস্থানীয় সরকারী অনার্স ও মাস্টার্স কোর্সভুক্ত ২০টি কলেজের মানসম্মত শিক্ষক বদলির জন্য শিক্ষা মন্ত্রণালয়ের যুগ্ম-সচিবের (কলেজ) নেতৃত্বে এবং ঢাকা মহানগরভুক্ত সরকারী কলেজ ও ইনস্টিটিউটের শিক্ষক বদলির ক্ষেত্রে শিক্ষামন্ত্রীর নেতৃত্বে একটি কমিটি গঠন করা হয়েছে। এই আঞ্চলিক শিক্ষা কর্তৃপক্ষ এবং কমিটিসমূহের কার্যক্রম শুরু হয়েছে।

জানা গেছে, যুগোপযোগী শিক্ষা ব্যবস্থা চালু করার লক্ষ্যে এনসিসি (জাতীয় কারিকুলাম কমিটি) গঠন করা হয়েছে এবং শিক্ষায় যাতে নৈতিক মূল্যবোধ পুনরুজ্জীবিত করা যায় তার প্রতি বিশেষ দৃষ্টি দেয়া হচ্ছে। শিক্ষকদের কল্যাণার্থে প্রতি বছর ১৯ জানুয়ারী শিক্ষক দিবস উদযাপন, শ্রেষ্ঠ শিক্ষকদের পুরস্কৃত করা এবং বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকগণের কল্যাণার্থে শিক্ষক কল্যাণ ট্রাস্টের কার্যক্রম জোরদার করা হয়েছে। এছাড়া বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকগণের জন্য অবসর জতা আইন প্রণয়ন এবং দেশের ইংরেজী মাধ্যম স্কুলসমূহ জরীপের ব্যবস্থা নেয়া হয়েছে। শিক্ষা মন্ত্রণালয় সূত্রে জানা গেছে, শিক্ষার গুণগত মান উন্নয়নে ও শিক্ষকদের জীবনসংহিতা নিশ্চিত করার লক্ষ্যে শিক্ষকগণ যাতে সর্বদা ১০টা থেকে বিকেল ৪টা পর্যন্ত শিক্ষা প্রতিষ্ঠানে অবস্থান করে ছাত্র-ছাত্রীদের প্রতি অরো যত্নবান হন, সেজন্য পরিপত্র জারি করা হয়েছে। শিক্ষার গুণগত মান বৃদ্ধি এবং শিক্ষাসনে স্বাস্থ্য নির্মূলের লক্ষ্যে শিক্ষাবিদ, সাংবাদিক এবং সমাজের বিভিন্ন তরের বিশিষ্ট ব্যক্তিদের নিয়ে দেশে বড় বড় কলেজে সেমিনারেরও আয়োজন করা হয়েছে।

অপরদিকে শিক্ষা ক্ষেত্রে ব্যাপক সংস্কারের লক্ষ্যে বিশ্বব্যাংকের সহায়তায় 'এডুকেশন সেটর ডেভেলপমেন্ট সাপোর্ট' প্রকল্পের কাজও ইতোমধ্যেই শুরু করে দেয়া হয়েছে।